

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বিএসএফআইসি শাখা
www.moind.gov.bd
৯১, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০



জরুরি
অতি গোপনীয়

স্মারক নম্বর: ৩৬.০০.০০০০.০৬৪.০২.০০১.২০.২৭

তারিখ: ১২ বৈশাখ ১৪২৭

২৫ এপ্রিল ২০২০

বিষয়: বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের অনুকূলে ৮৮০.০০ কোটি (আট শত আশি কোটি) টাকা বরাদ্দ প্রদান এবং ব্যাংক ঋণ এর গ্যারান্টি/কাউন্টার গ্যারান্টিসহ মেয়াদ উত্তীর্ণ ১০টি ব্যাংক ঋণ এর গ্যারান্টি/কাউন্টার গ্যারান্টির মেয়াদ বৃদ্ধি।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস (Covid-19) পরিস্থিতিতে চিনির বাজার স্থিতিশীল রাখতে দেশীয় কাঁচামাল আখ থেকে চিনি উৎপাদনকারী একমাত্র প্রতিষ্ঠান বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের প্রতি জোর গুরুত্ব আরোপ করা প্রয়োজন। দেশের সংকটময় মুহূর্তে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন কেরু অ্যান্ড কোম্পানি কর্তৃক উৎপাদিত **hand sanitizer** করোনা ভাইরাস প্রতিরোধে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। রমজান মাসে চিনির বাজার স্থিতিশীল রাখতে প্রতিষ্ঠানটির ভূমিকা অনস্বীকার্য।

২। রাষ্ট্রীয় মালিকানাধীন এ প্রতিষ্ঠানের সাথে প্রায় ২(দুই) লক্ষ আখচাষির জীবন জীবিকা জড়িত। চলতি মূলধনের অভাবে কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতা ও আখ চাষিদের আখের মূল্য পরিশোধ করা সম্ভব হচ্ছে না। উল্লেখ্য, বাণিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক দাখিলকৃত বিশেষ নিরীক্ষা হিসাব অনুযায়ী ট্রেড গ্যাপ ও ভর্তুকি বাবদ প্রতিষ্ঠানটির সরকারের নিকট পাওনা ৪৭৫২.৪০ কোটি (চার হাজার সাত শত বায়ান্ন কোটি চল্লিশ লক্ষ) টাকা। অর্থ বিভাগ থেকে প্রয়োজনীয় অর্থ মঞ্জুর ও ছাড় না করায় প্রতিষ্ঠানটি চরম দুরাবস্থায় পতিত হচ্ছে।

৩। জনতা ব্যাংক থেকে সিসি ঋণ হিসেবে ৩০০ (তিনশত) কোটি টাকা গ্রহণের জন্য ঋণের গ্যারান্টি/কাউন্টার গ্যারান্টিসহ মেয়াদ উত্তীর্ণ ১০টি ব্যাংক ঋণ এর গ্যারান্টি/কাউন্টার গ্যারান্টির মেয়াদ বৃদ্ধির প্রস্তাবের প্রেক্ষিতে অর্থ বিভাগ কতিপয় শর্তে গ্যারান্টি/কাউন্টার গ্যারান্টির নীতিগত সম্মতি প্রদান করলেও মেয়াদ উত্তীর্ণ ব্যাংক ঋণ এর গ্যারান্টি/কাউন্টার গ্যারান্টির মেয়াদ বৃদ্ধি করেনি। জনতা ব্যাংকের শর্তানুযায়ী ঋণ প্রাপ্তির জন্য ৩০০ কোটি টাকার গ্যারান্টি/কাউন্টার গ্যারান্টিসহ মেয়াদ উত্তীর্ণ ১০টি ব্যাংক ঋণের গ্যারান্টি/কাউন্টার গ্যারান্টির মেয়াদ বৃদ্ধি আবশ্যিক। উল্লেখ্য যে, অর্থ বিভাগের শর্ত মোতাবেক কমিটি গঠনসহ গৃহীত ব্যবস্থা অর্থ বিভাগকে জানিয়ে দেয়া হয়েছে।

৪। বিশেষভাবে উল্লেখ্য যে, সিসি ঋণ হিসেবে ৩০০ (তিনশত) কোটি টাকা পাওয়া গেলেও সে টাকার সিংহভাগই অর্থাৎ প্রায় ২৭৬.০০ কোটি(দুই শত ছিয়াত্তর কোটি) টাকা ব্যয় হবে সিসি লোন রিসিডিউল, ইনস্টলমেন্ট ও কৃষি লোন পরিশোধে। ফলে এ টাকা থেকে কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতা ও আখচাষিদের আখের মূল্য পরিশোধ করা সম্ভব হবে না।

৫। উল্লেখ্য যে, বিএসএফআইসিকে লোকসান কমিয়ে ২০২৪-২৫ এ ব্রেক ইভেনে পৌঁছানো ও পর্যায়ক্রমে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করার জন্য গৃহীত বিশেষ পদক্ষেপ হিসেবে কর্মকর্তা/কর্মচারীদের সময়ভিত্তিক নিজস্ব কর্মপরিচালনা ও লক্ষ্যমাত্রা নির্ধারণ করে ব্যক্তিগত কর্মপরিচালনা (IAP) সম্পাদন ও বাস্তবায়নের ফলে ব্যক্তিগত ও সামষ্টিক জবাবদিহিতা বৃদ্ধি পাওয়ায় বিগত ০৩ (তিন) বছরের অবিক্রয়কৃত ১৩১৪৪০.৩৪ মে. টন চিনির মধ্যে ডিসেম্বর ২০১৯এর মধ্যে ১২৪২৫৩.৬০মে. টন চিনি বিক্রয় করা সম্ভব হয়েছে; আখ পরিবহণ ও ওভার হেড খাতে ব্যয় হাস পেয়েছে; মিলের ব্রেক ডাউন ৫০% হাস পেয়েছে; চিনি আহরণ হারও বৃদ্ধি পেয়েছে; সর্বপরি, এ বছর ৮২০০০ (বিরশি হাজার) মেট্রিক টন চিনি উৎপাদন হয়েছে যা গত বছরের তুলনায় প্রায় ১৩ হাজার মেট্রিক টন অর্থাৎ ১৯% বেশী এবং বিগত কয়েক বছরের মধ্যে সর্বোচ্চ উৎপাদন।

৬। বর্ণিত বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সাথে মাননীয় শিল্পমন্ত্রীর এবং শিল্প সচিব মহোদয়ের সাথে অর্থ সচিব মহোদয়ের আলোচনা হয়েছে। আলোচনার প্রেক্ষিতে বর্তমান পরিস্থিতিতে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের অত্যাব্যশ্যিকীয় প্রয়োজন মেটাতে (ক) আখচাষিদের আখের মূল্য পরিশোধ বাবদ ১৩৭.০০ কোটি (একশত সাইত্রিশ কোটি) টাকা, কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতা বাবদ ৮৭.০০ কোটি (সাতাশি কোটি) টাকা, গ্র্যাচুইটি বাবদ ২৫৬.০০ (দুইশত ছাপ্পান্ন কোটি) টাকা এবং চলতি মূলধন হিসেবে ৪০০.০০ কোটি (চার শত কোটি) টাকা অর্থাৎ ৮৮০.০০ কোটি (আট শত আশি কোটি) টাকা প্রদানের; (খ) জনতা ব্যাংক থেকে সিসি ঋণ হিসেবে ৩০০ (তিনশত) কোটি টাকা গ্রহণের জন্য গ্যারান্টি/কাউন্টার গ্যারান্টি প্রদান; এবং (গ) মেয়াদ উত্তীর্ণ ১০টি ব্যাংক ঋণ এর গ্যারান্টি/কাউন্টার গ্যারান্টির মেয়াদ বৃদ্ধির জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হল।



২৫-৪-২০২০

আফরোজা বেগম পারুল
সিনিয়র সহকারী সচিব

সচিব
অর্থ বিভাগ

দৃষ্টি আকর্ষণঃ সিনিয়র সহকারী সচিব, বাজেট-১৪ শাখা, অর্থ বিভাগ

স্মারক নম্বর: ৩৬.০০.০০০০.০৬৪.০২.০০১.২০.২৭/১(৯)

তারিখ: ১২ বৈশাখ ১৪২৭
২৫ এপ্রিল ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), বিএসএফআইসি অনুবিভাগ, শিল্প মন্ত্রণালয়
- ২) চেয়ারম্যান, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন
- ৩) উপসচিব, বাজেট ও হিসাব অধিশাখা, শিল্প মন্ত্রণালয়
- ৪) উপসচিব, বিএসএফআইসি অধিশাখা, শিল্প মন্ত্রণালয়
- ৫) যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), বিএসএফআইসি, শিল্প মন্ত্রণালয়
- ৬) উপসচিব, ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা, অর্থ বিভাগ
- ৭) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, শিল্প মন্ত্রণালয়
- ৮) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, শিল্প মন্ত্রণালয়
- ৯) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শিল্প মন্ত্রণালয়



২৫-৪-২০২০

আফরোজা বেগম পারুল
সিনিয়র সহকারী সচিব